দৈনিক বাংলা

তারিখ ... ১.৫.৪৫ ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫ ...

# এসএসসি পরীক্ষার ৩য় দিন নির্বিবাহিত

(স্টাফ রিপোর্টার)

মোটামুটি শান্তিপূর্ণভাবে গত ৮ই মার্চ বৃহস্পতিবার থেকে দেশের চারটি বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। এবার চারটি বোর্ড থেকে চার লক্ষাধিক পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এতো বেশি সংখ্যক পরীক্ষার্থী বাংলাদেশে এর আগে আর কখনও

(শেষ পৃঃ ৪-এর ক কঃ)

## এসএসসি পরীক্ষা

(১-এর পৃঃ পর)

এসএসসি পরীক্ষায় অংশ নেয়নি। এর মূল কারণ পুরাতন সিলেবাসের অধীনে এটাই শেষ পরীক্ষা। ১৯৬২ সাল থেকে এই সিলেবাস শুরু হয়েছিল। আগামী বছর থেকে নতুন সিলেবাস অনুযায়ী পরীক্ষা হবে।

উল্লেখ্য যে গত বছর দেশের চারটি বোর্ড থেকে আড়াই লক্ষাধিক পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল।

এরই মধ্যে বোর্ড চারটিতে বাংলা, ইংরেজী ও অংক পরীক্ষা সম্পন্ন হয়েছে। অন্যান্য বিষয়ের পরীক্ষা চলবে ২২শে মার্চ পর্যন্ত। অসদুপায়ের অভিযোগে দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে এর মধ্যেই শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে বলে প্রাপ্ত তথ্যে জানা গেছে। এবার ঢাকা শহরের কোন কেন্দ্র থেকে কোন গোলযোগের খবর পাওয়া যায়নি। ঢাকা বোর্ডের অধীন বরিশাল কেন্দ্র থেকে ২০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের অধিকাংশই বহিষ্কৃত হয়েছে ইংরেজী পরীক্ষার দিন।

### ৪০ জন পরীক্ষার্থী প্রতারিত

খুলনা থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান, একটি মাধ্যমিক স্কুলের হেড মাস্টার এবং অপর একটি স্কুলের একজন কেরাণীর কারসাজিতে কমপক্ষে ৪০ জন এসএসসি পরীক্ষার্থী চলতি এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি।

জানা গেছে, সংশ্লিষ্ট হেড মাস্টার ও কেরাণী পরীক্ষা দানেচ্ছু বহু সংখ্যক অনিয়মিত প্রার্থীর কাছ থেকে বিপুল পরিমাণ টাকা গ্রহণ করে আত্মসাৎ করেন। প্রার্থীরা প্রবেশপত্র না পেয়ে দিশেহারা হয়ে পড়ে।

কিন্তু সংশ্লিষ্ট হেড মাস্টার ও কেরাণী এখন আত্মগোপন করে আছে। পরীক্ষার্থীরা কোনো উপায়ান্তর না দেখে খুলনা সদরে মামলা দায়ের করেছে। ধারণা করা হচ্ছে, এখানে প্রতারিত পরীক্ষার্থীর সংখ্যা আরও অনেক বেশি হবে।

০ ০৫২